## এপ্রিল, ২০২৬ মাসে অনুষ্ঠিত জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি, গাইবান্ধা-এর সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা<br>জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা। |
| তারিখ | : | ১২ এপ্রিল, ২০২৬ খ্রি.। |
| সময় | : | বেলা ১২.৩০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। কমিটির সদস্যসচিব, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ/অনুমোদন করা হয়। অত:পর সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি-১: (ক) মার্চ/২০২৬ মাসে দায়েরকৃত মাদকদ্রব্য সংক্রান্ত মামলা ও জব্দকৃত আলামতের তথ্য:

| দপ্তর/সংস্থা | মাসের নাম | মামলার সংখ্যা | | আসামীর সংখ্যা | | | উদ্ধারকৃত আলামতের পরিমাণ | মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নিয়মিত | মোবা: কোর্ট | গ্রেফতার | পলাতক | মোট | | |
| জেলা পুলিশ, গাইবান্ধা | মার্চ | ২৪ | - | ৪০ | ৩ | ৪৩ | ১। গাঁজা- ২১.৬৫৫ কেজি<br>২। ইয়াবা- ৫২৫ পিস<br>৩। টাপেন্টাডল- ২৪৮ পিস<br>৪। হেরোইন- ৩.৯ গ্রাম<br>৫। ইনজেকশন- ৯৯০ এ্যাম্পুল | ১২,১৭,৫৫০/- (বারো লক্ষ সতের হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা মাত্র। |
| | ফেব্রুয়ারি | ১০ | - | ৯ | ২ | ১১ | ১। গাঁজা- ৩০.৯৫০ কেজি<br>২। ইয়াবা- ১৪ পিস<br>৩। টাপেন্টাডল- ১২৮ পিস | ৯,৭১,১০০/- (নয় লক্ষ একাত্তর হাজার একশত) টাকা মাত্র। |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা | মার্চ | ০৯ | ২৪ | ৩৮ | ১ | ৩৯ | ১। গাঁজা- ১৬.৭০০ কেজি<br>২। ইয়াবা- ২৭৬ পিস<br>৩। টাপেন্টাডল- ৩৫০ পিস<br>৪। হেরোইন- ০.২গ্রাম<br>৫। মোটর সাইকেল- ০১ টি<br>৬। অটোরিক্সা- ০১ টি | ৮,৭৩,৩০০/- (আট লক্ষ তিয়াত্তর হাজার তিনশত) টাকা মাত্র। |
| | ফেব্রুয়ারি | ০৯ | ১১ | ২৩ | ০১ | ২৪ | ১। গাঁজা-০৬.৭৫০ কেজি<br>২। টাপেন্টাডল-৪৩০৫পিস<br>৩। হেরোইন-১৫.৫ গ্রাম<br>৪। ইয়াবা-২০০০ পিস<br>৫। চোলাইমদ-১২ লিটার<br>৬। ওয়াশ-১০০ লিটার<br>৭। প্রাইভেট কার-০১টি<br>৮। মোবাইল ফোন-০২টি | ২৭,৫৬,৯০০/- (সাতাশ লক্ষ ছাপ্পান্ন হাজার নয়শত) টাকা মাত্র। |
| র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, গাইবান্ধা | মার্চ | ০৩ | - | ০৭ | - | ০৭ | ১। গাঁজা- ০৪ কেজি<br>২। হেরোইন- ১১ গ্রাম<br>৩। ফেয়ারডিল-১২২বোতল<br>৪। স্কার্ফ- ০২ বোতল<br>৫। ইয়াবা- ২৮৭ পিস | ৪,৬২,১০০/- (চার লক্ষ বাষট্টি হাজার একশত) টাকা মাত্র। |
| | ফেব্রুয়ারি | ০২ | - | ০৩ | - | ০৩ | ১। গাঁজা- ৫.০০০ কেজি<br>২। ইয়াবা- ৮৭ পিস | ১,২৬,১০০/- (এক লক্ষ ছাব্বিশ হাজার একশত) টাকা মাত্র। |
| নৌ-পুলিশ | মার্চ | - | - | - | - | - | - | - |
| | ফেব্রুয়ারি | - | - | - | - | - | - | - |

(খ) আদালতে বিচারাধীন মাদক মামলার বিবরণী (মার্চ/২০২৬ পর্যন্ত):

| সংস্থা/দপ্তরের নাম | বিচারাধীন মামলার সংখ্যা | | মোট মামলার সংখ্যা | ০৫ বছরের অধিক বিচারাধীন মামলার সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | দায়রা জজ আদালত | চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত | | দায়রা জজ আদালত | চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত | মোট |
| পুলিশ বিভাগ, গাইবান্ধা | ১৮৫৮ | ২৯৪৮ | ৪৮০৬ | ৪০৯ | ১২৯২ | ১৭০১ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়, গাইবান্ধা | ৪৫৪ | ৪৮৯ | ৯৪৩ | ২১৯ | ৯১ | ৩১০ |

চলমান-০২

গ) সংস্থা/দপ্তর ভিত্তিক দায়েরকৃত, তদন্তাধীন ও বিচার নিস্পন্ন মামলার পরিসংখ্যান (মার্চ/২০২৬ পর্যন্ত):

| সংস্থা/দপ্তরের নাম | বিগত মাস হতে আগত তদন্তাধীন মামলা | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলা | তদন্ত নিস্পন্ন | তদন্তাধীন | নিস্পন্ন মামলা | | | সাজা/খালাসপ্রাপ্ত আসামী | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সাজা | খালাস | মোট | সাজা প্রাপ্ত | খালাস প্রাপ্ত | মোট |
| পুলিশ বিভাগ, গাইবান্ধা | ১৫৪ | ২৭ | ৩১ | ১৫০ | ১৪ | ২২ | ৩৬ | ১৬ | ৩১ | ৪৭ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়, গাইবান্ধা | ১৯ | ০৯ | ০৪ | ২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **মাদক মামলা দ্রুত নিষ্পত্তিকরণ:**<br>মামলার দীর্ঘসূত্রিতা দূর করার লক্ষ্যে দায়েরকৃত মামলার তদন্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। মাদকদ্রব্য সংক্রান্ত বিচারাধীন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর ও সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধাকে নির্দেশনা প্রদান করা হয়। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর সভায় জানান, পাবলিক সাক্ষীগণ ঠিকমত সাক্ষ্য না দেওয়ায় মাদক অপরাধীরা আইনের ফাঁকফোকর দিয়ে বেড়িয়ে যাচ্ছে। তিনি মামলার এজাহার ও জব্দ তালিকা প্রস্তুতের সময় অভিযান পরিচালনাকারী সকল সংস্থাকে এ বিষয়ে আরও সতর্ক থাকার এবং জব্দ তালিকায় ঘটনাস্থলে উপস্থিত স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের স্বাক্ষর গ্রহণের বিষয়ে পরামর্শ প্রদান করেন। | (১) তদন্তাধীন মামলার তদন্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>(২) বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(৩) সতর্কতার সাথে এজাহার ও জব্দ তালিকা প্রস্তুত করতে হবে। পাবলিক সাক্ষী নির্বাচনে ঘটনাস্থলে উপস্থিত গণ্যমান্য ব্যক্তিদের অর্ন্তভূক্তি করতে হবে। | (১) পুলিশ সুপার, গাইবান্ধা।<br>(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(৩) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), গাইবান্ধা।<br>(৪) কোম্পানি কমান্ডার, সিপিসি-৩, গাইবান্ধা।<br>(৫) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা।<br>(৬) বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর গাইবান্ধা। |
| ২. | **মাদকবিরোধী অভিযান:**<br>সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা মার্চ/২৬ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদক বিরোধী অভিযান পরিচালনার বিবরণী সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, মার্চ/ ২০২৬ মাসে ১৩২ টি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ৩৯ জন আসামির বিরুদ্ধে ৩৩ টি মামলা দায়ের করা হয়। উদ্ধারকৃত আলামতের মধ্যে গাঁজা- ১৬.৭০০ কেজি, ইয়াবা- ২৭৬ পিস, টাপেন্টাডল- ৩৫০ পিস, হেরোইন- ০.২ গ্রাম, মোটর সাইকেল- ০১ টি, অটোরিক্সা- ০১ টি উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত আলামতের আনুমানিক মূল্য ৮,৭৩,৩০০/- (আট লক্ষ তিয়াত্তর হাজার তিনশত) টাকা মাত্র। পুলিশ সুপার, গাইবান্ধা বলেন, মার্চ/২৬ মাসে দায়েরকৃত ২৪ টি মামলায় এজাহারভুক্ত ৪৩ জন আসামীর মধ্যে ৪০ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। এ মাসে অভিযান পরিচালনা করে গাঁজা- ২১.৬৫৫ কেজি, ইয়াবা- ৫২৫ পিস, টাপেন্টাডল- ২৪৮ পিস, হেরোইন- ৩.৭ গ্রাম, ইনজেকশন- ৯৯০ এ্যাম্পুল জব্দ করা হয়েছে। উদ্ধারকৃত মাদকদ্রব্যের আনুমানিক মূল্য- ১২,১৭,৫৫০/- (বারো লক্ষ সতের হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা মাত্র। | (১) মাদকের বিরুদ্ধে গোয়েন্দা নজরদারী বৃদ্ধিসহ নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) নিয়মিত মাদক বিরোধী সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।<br>(৩) প্রত্যেক সভায় মাদক সংক্রান্ত মামলার তথ্য উপস্থাপন করতে হবে।<br>(৪) জেলার মাদক ব্যবসায়ীদের তালিকা প্রস্তুত করতে হবে।<br>(৫) বিজ্ঞ আদালতে বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | (১) পুলিশ সুপার, গাইবান্ধা।<br>(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(৩) কোম্পানি কমান্ডার, সিপিসি-৩, গাইবান্ধা, র‌্যাব-১৩, রংপুর।<br>(৪) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় গাইবান্ধা।<br>(৫) বিজ্ঞ পিপি, গাইবান্ধা। |

[চলমান পাতা-০৩]

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | এছাড়াও মাদক ব্যবসায়ীদের বিষয়ে সুনির্দিষ্ট তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন। মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত আছে। মাদক বিরোধী অভিযান সফলভাবে পরিচালনার জন্য সন্তোষ প্রকাশ করা হয় এবং অভিযান অব্যাহত রাখার পাশাপাশি মাদক বিরোধী সচেতনতামূলক কার্যক্রম চালানোর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া মাদক ব্যবসায়ীদের দৌরাত্ম্য যেন বৃদ্ধি না পায় সে বিষয়ে আইনশৃঙ্খলা রক্ষা বাহিনীকে সজাগ ও তৎপর থাকার নির্দেশনা প্রদান করা হয়। বিচারাধীন মাদক মামলাগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসে উপস্থাপনের জন্য সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা-কে নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ৩. | **মাদকদ্রব্যের অবৈধ ব্যবহার ও বিপণন প্রতিরোধ:** সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা জানান, মাদকের অপব্যবহার ও পাচার রোধকল্পে মাদকপ্রবণ এলাকা ও চিহ্নিত স্পটসমূহে প্রতিনিয়ত অভিযান পরিচালনা করে ধৃত আসামীদের বিরুদ্ধে মামলা দায়ের করা হচ্ছে। এছাড়াও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও পুলিশ বিভাগের সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। সভাপতি সকল আইন শৃঙ্খলা বাহিনীকে মাদকদ্রব্যের অপব্যবহার রোধে মাদক ব্যবসায়ীদের রিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত রাখার অনুরোধ জ্ঞাপন করেন। এছাড়াও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের নেতৃত্বে পুলিশ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সমন্বয়ে টাস্কফোর্স অভিযান অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। | (১) মাদকদ্রব্যের অবৈধ ক্রয়-বিক্রয়, ব্যবহার, পরিবহন এবং বিপণন রোধে গোয়েন্দা নজরদারী ও টহল বৃদ্ধি করতে হবে।<br>(২) মাদকদ্রব্যের চোরাচালান ও অপব্যবহার রোধকল্পে অবৈধ মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | (১) পুলিশ সুপার, গাইবান্ধা।<br>(২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা।<br>(৩) যুগ্ম-পরিচালক, এন.এস.আই, গাইবান্ধা।<br>(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(৫) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), গাইবান্ধা।<br>(৬) কোম্পানি কমান্ডার সিপিসি-৩, গাইবান্ধা।<br>(৭) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা। |
| ৪. | **মাদকবিরোধী গণসচেতনতা কার্যক্রম পরিচালনা:** সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা জানান যে, মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা-সেমিনার আয়োজনের পাশাপাশি লিফলেট, ফেস্টুন, স্টিকার, পিভিসি ও শিক্ষার্থীদের মাঝে খাতা, কলম, জ্যামিতিবক্স, স্কেল ইত্যাদি বিতরণ করা হচ্ছে। জেলার জনসাধারণের মাঝে মাদক বিরোধী প্রচারণা কার্যক্রম অব্যাহত আছে। পুলিশ সুপার, গাইবান্ধা বলেন যে, শিক্ষার্থীদের মাদক থেকে দূরে রাখতে শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। শুধু আইন প্রয়োগের মাধ্যমে মাদক নির্মূল সম্ভব নয়। সকল শ্রেণী পেশার মানুষকে স্ব স্ব অবস্থান থেকে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোল্লার আহবান জানানো হয়। এছাড়াও পারিবারিক ও সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি সন্তানদের প্রতি অভিভাবকদের যত্নবান হওয়ার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (১) শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) নিয়মিত মাদক বিরোধী সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে। | (১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(২) জেলা শিক্ষা অফিসার গাইবান্ধা ।<br>(৩) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা।<br>(৪) জেলা তথ্য অফিসার, গাইবান্ধা ।<br>(৫) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা। |

[চলমান পাতা-০৪]

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. | **বিবিধ:** মাদক বিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম জোরদারের পাশাপাশি মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। এছাড়া বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের নেতৃত্বে পুলিশ, সেনাবাহিনী ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সমন্বয়ে টাস্কফোর্স এবং মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | (১) মাদক বিরোধী অভিযানের সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>(২) মাদক বিরোধী টাস্কফোর্স অভিযান অব্যাহত রাখতে হবে।<br>(৩) মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | (১) পুলিশ সুপার, গাইবান্ধা।<br>(২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(৩) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), গাইবান্ধা।<br>(৪) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা। |

পরিশেষে, উপস্থিত সকলকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি,
গাইবান্ধা
ফোন: ০২-৫৮৮৮৭৭৫০০ (অফিস)
dcgaibandha@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, গাইবান্ধা।
E-mail:gaibandhadnc@gmail.com

নং-৫৮.০২.৩২০০.১৬৬.৩৫.০০১.২৩-২২৩

তারিখ: ০৩বৈশাখ, ১৪৩৩ / ১৬এপ্রিল, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ৪১ সেগুন বাগিচা, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
৬। পুলিশ সুপার, গাইবান্ধা।
৭। সিভিল সার্জন, গাইবান্ধা।
৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, সদর/সাঘাটা/ফুলছড়ি/সুন্দরগঞ্জ/সাদুল্ল্যাপুর/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ থানা, গাইবান্ধা।
১০। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
১১। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, গাইবান্ধা।
১২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা।
১৩। উপপরিচলক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
১৪। উপপরিচালক, ইসলামিক ফাইন্ডেশন, গাইবান্ধা।
১৫। জনাব -------------------------------------------------------------------------------------------
১৬। অফিস কপি।

১৬/৪/২৬

সহকারী পরিচালক
ও
সদস্য সচিব
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি, গাইবান্ধা।
ফোন: ০২-৫৮৭৭১০০২৯ (অফিস)
Email:gaibandhadnc@gmail.com